# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৪৬

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ সুন্দর আওয়াজে কুর'আন পাঠ করার বৈধতা

## ذِكْرُ إِبَاحَةِ تَحْسِينِ الْمَرْءِ صَوْتَهُ بِالْقُرْآنِ

আরবী

746 ـ أَخْبَرَنَا النَّضْرُ بْنُ مُحَمَّدِ بْنِ الْمُبَارَكِ الْعَابِدُ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عُثْمَانَ الْعِجْلِيُّ حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى عَنْ سُفْيَانَ عَنْ مَنْصُورٍ عَنْ طَلْحَةَ بْنِ مُصَرِّفٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْسَجَةَ عَنِ الْبَرَاءِ بْنِ عَازِبٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (زيِّنوا الْقُرْآنَ بأصواتكم)

قَالَ أَبُو حَاتِمٍ: هَذِهِ اللَّفْظَةُ مِنْ أَلْفَاظِ الْأَضْدَادِ يُرِيدُ بِقَوْلِهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (زَيِّنُوا الْقُرْآنَ بِأَصْوَاتِكُمْ لَا زَيِّنُوا أَصْوَاتَكُمْ بِالْقُرْآنِ)

الراوي : الْبَرَاء بْن عَازِبٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 746 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭৪৬. বারা বিন আযিব রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর রাসূল  সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “তোমরা তোমাদের কণ্ঠস্বরের মাধ্যমে কুর'আনকে সৌন্দর্যমন্ডিত করো।” [1]

ইমাম আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “হাদীসে বর্ণিত শব্দগুলোর দ্বারা বিপরীত অর্থ উদ্দেশ্য। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বক্তব্য দ্বারা উদ্দেশ্য হলো “তোমরা তোমাদের কণ্ঠস্বরের মাধ্যমে কুর'আনকে সৌন্দর্যমন্ডিত করো।” এটা উদ্দেশ্য নয় “তোমরা কুর'আনের মাধ্যমে তোমাদের আওয়াজ সুন্দর করো।”

ফুটনোট

[1] দারেমী: ২/৪৭৪; মুসান্নাফ আব্দুর রাযযাক; ৪১৭৫; মুসনাদ আহমাদ: ৪/২৯৬; হাকিম: ১/৫৭১; আত

তায়ালিসী: ২/৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৫২১; আবু দাউদ: ১৪৬৮; নাসাঈ: ২/১৭৯; হিলইয়াতুল আওলিয়া: ৫/২৭; সুনান বাইহাকী: ২২/৫৩; সহীহ আল বুখারী: ১৩/৫১৮।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৩২০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89249

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন